ভোরের কাগজ

তারিখ ... 14 MAY 1998 ...
পৃষ্ঠা 2 কলাম 8

২০ সন্ত্রাসীর তালিকা প্রদান

# ক্যাম্পাসে কিছু কিছু সন্ত্রাসী আছে তবে আগের চেয়ে কম

—ঢা.বি. উপাচার্য

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এ কে আজাদ চৌধুরী বলেছেন, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে কিছু কিছু সন্ত্রাসী আছে। তবে তাদের সংখ্যা আগের চেয়ে অনেক কম।

গতকাল বুধবার বিভিন্ন জাতীয় দৈনিক ও বার্তা সংস্থার ঢাকা বিশ্ববিদ্যালয়ে কর্মরত সাংবাদিকদের সঙ্গে এক মতবিনিময় সভায় তিনি একথা জানান। সভায় উপাচার্য অধ্যাপক চৌধুরী আরো বলেন, কর্তৃপক্ষ ২০ জন সন্ত্রাসীর তালিকা পুলিশের কাছে জমা দিয়েছে। তাদের গ্রেপ্তার এখন সময়ের ব্যাপার মাত্র। বিশ্ববিদ্যালয় থেকে দলমত নির্বিশেষে সন্ত্রাসীদের গ্রেপ্তার করা হবে।

তিনি আরো বলেন, ছাত্রদলের অধিকাংশ নেতাকর্মীদের যার যার হলে তুলে দেওয়া হয়েছে। সুষ্ঠু একাডেমিক পরিবেশের জন্য তিনি সংশ্লিষ্ট সকলের কাছে সহযোগিতা কামনা করেছেন।